দামুড়হুদায় ৬ বিজিবি’র অভিয়ানে হুন্ডি বাংলাদেশীর ৫০ লাখ টাকা উদ্ধার

চুযাডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর- কুতুবপুর সীমান্তে ৬ বিজিবি চোরাচালানী বিরোধী অভিযান চালিয়ে বাংলাদেশী হুন্ডির প্রায় ৫০ লাখ টাকা আটক করেছে। তবে এঘটনায় আটক করতে পারেনী কোন চোরাচালানীকে। টাকা উদ্ধারের ঘটনায় দামুড়হুদা মডেল থানায় একটি মামলা হয়েছে।

জানাগেছে গতকাল (১৬ জানুয়ারী) সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মুন্সিপুর সীমান্ত ফাঁড়ি ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালায় মুন্সিপুর সীমান্তের এমপি ঘাট মোড়ে।

এ সময় মুন্সিপুর সীমান্ত ফাঁড়ির মুন্সিপুর বিওপি কমান্ডার নায়েব সুবেদার আলা উদ্দিন এর নেতৃত্বে নিয়মিত রাত্রীকালীন সশস্ত্র টহল দল সীমান্তে টহল পরিচালনা করতে থাকে।মুন্সিপুর সীমান্তের মেইন পিলার ৯৩ হতে ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মুন্সিপুর গ্রামের এমপির ঘাট নদীর পাড় নামক স্থানে এ্যাম্বুশ করে।সেখান থেকে দুই জন চোরাচালানী প্লাষ্টিকের ব্যাগ বহন করে ভারত হতে বাংলাদেশে আগমন করছে।

এ সময় বিজিবি’র উপস্থিতি টের পেয়ে ব্যাগ ফেলে পালিয়ে যায়। ৬ বিজিবি’র ক্যাম্প কমন্ডার নায়েব সুবেদার আলা উদ্দীন ব্যাগ খুলে বাংলাদেশী হুন্ডির ৫০ লাখ টাকা উদ্ধার করে।

এ ঘটনায় ৬ বিজিবির পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, বলেন উদ্ধার হওয়া টাকা চুয়াডঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।দামুড়হুদা থানায় অজ্ঞাত দুজনের বিরুদ্ধে মামলা হয়েছে।এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ জানান এ ঘটনায় আমার থানায় কোন মামলা হয়নি।